# গাজী মেডিকেল কলেজ

এ ১৯-২১, মজিদ স্মরনী, সোনাডাঙ্গা, খুলনা।

## ৩৮ তম গভর্নিং বডির সভার কার্যবিবরণী

সভাপতি ঃ জনাব ডাঃ গাজী মিজানুর রহমান

সদস্য সচিব ঃ জনাব ডাঃ বঙ্গ কমল বসু

ভেন্যু ঃ কনফারেন্স রুম, গাজী মেডিকেল কলেজ হাসপাতাল, সোনাডাঙ্গা, খুলনা

তারিখ ঃ ০৯ নভেম্বর ২০১৯, বেলা ১২.০০ টা

অদ্যকার সভায় সভাপতিত্ব করেন গাজী মেডিকেল কলেজের সম্মানিত চেয়ারম্যান এবং গভর্নিং বডির সভাপতি জনাব ডাঃ গাজী মিজানুর রহমান। আরো উপস্থিত ছিলেন রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মহোদয় কর্তৃক অনুমোদিত গভর্নিং বডির স্বাস্থ্য অধিদপ্তরের চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন এর পরিচালক মহোদয়ের পক্ষে প্রেরিত প্রতিনিধি জনাব ডাঃ মোঃ মোজাম্মেল হক ভুঁইয়া, সহকারি পরিচালক (চিকিৎসা শিক্ষা)। গাজী মেডিকেল কলেজের অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) হিসাবে গত ০১.০৯.২০১৯ তারিখে দায়িত্ব গ্রহন করায় উপস্থিত সকল সদস্যবৃন্দ ডাঃ বঙ্গ কমল বসু এবং স্বাস্থ্য অধিদপ্তরের নতুন অতিথিকে ফুল দিয়ে শুভেচ্ছা জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন।

**সভার আলোচ্যসূচী ও গৃহীত সিদ্ধান্তসমূহ ঃ**

**১। পূর্ববর্তী সভার রেজুলেশন পাঠ ও অনুমোদন।**

**২। ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে এমবিবিএস কোর্সে ভর্তি সম্পর্কিত।**

- ভর্তির জন্য অনুমোদিত আসন সংখ্যা ১০০। যার মধ্যে দেশী আসন সংখ্যা - ৫০ টি (সাধারণ কোটা - ৪৫ টি এবং অস্বচ্ছল ও মেধাবী কোটা ৫% হিসাবে - ৫ টি) এবং বিদেশী আসন সংখ্যা - ৫০ টি।
- আসন্ন ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে এমবিবিএস কোর্সে ছাত্র-ছাত্রী ভর্তির জন্য রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য মহোদয়ের নির্দেশনা অনুযায়ী ০৬ সদস্য (অত্র কলেজের অধ্যক্ষ মহোদয় আহবায়ক, উপাচার্য মহোদয় কর্তৃক মনোনীত ০২ জন প্রতিনিধি এবং অত্র কলেজের ০৩ জন শিক্ষক অর্থাৎ মোট ০৬ জন) বিশিষ্ট ভর্তি কমিটি গঠনের জন্য গভর্নিং বডির বিগত সভায় অনুমোদন দেওয়া হয়েছিল। ইতিমধ্যে রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য মহোদয় কর্তৃক মনোনীত ০২ জন প্রতিনিধির নাম প্রেরণ করা হয়েছে।
- ২০১৯-২০ শিক্ষাবর্ষের ১ম বর্ষের জন্য ভর্তি কমিটি উপস্থাপন করা হলো-

| ক্রমিক নং | নাম | পদবী | প্রাতিষ্ঠানিক পদবী |
|---|---|---|---|
| ০১ | ডাঃ বঙ্গ কমল বসু | আহবায়ক, ভর্তি কমিটি | অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), গাজী মেডিকেল কলেজ, খুলনা |
| ০২ | অধ্যক্ষ, খুলনা মেডিকেল কলেজ | সদস্য, ভর্তি কমিটি | রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য মহোদয় কর্তৃক মনোনীত প্রতিনিধি |
| ০৩ | অধ্যক্ষ, যশোর মেডিকেল কলেজ | সদস্য, ভর্তি কমিটি | রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য মহোদয় কর্তৃক মনোনীত প্রতিনিধি |
| ০৪ | অধ্যাপক ডাঃ মোঃ আবুল হাসান | সদস্য, ভর্তি কমিটি | অধ্যাপক, শিশু বিভাগ গাজী মেডিকেল কলেজ, খুলনা |
| ০৫ | অধ্যাপক ডাঃ পরিতোষ কুমার চৌধুরী | সদস্য, ভর্তি কমিটি | অধ্যাপক, মেডিসিন বিভাগ গাজী মেডিকেল কলেজ, খুলনা |
| ০৬ | ডাঃ রমেন্দ্র নাথ বিশ্বাস | সদস্য, ভর্তি কমিটি | সহকারী অধ্যাপক, ফরেনসিক মেডিসিন বিভাগ, গাজী মেডিকেল কলেজ, খুলনা |

- ইতিমধ্যে বেসরকারি মেডিকেল কলেজ সমূহে এমবিবিএস কোর্সে বাংলাদেশী ছাত্র-ছাত্রী ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে যা নিম্নরূপ-

| ক্রম | বিবরণী | সময় |
|---|---|---|
| ০১ | ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশ | ০৭-১১-২০১৯ হতে। |
| ০২ | আবেদন পত্র বিতরণ শুরু | ১৩-১১-২০১৯ হতে। |
| ০৩ | আবেদন পত্র জমা নেওয়ার শেষ তারিখ | ২৪-১১-২০১৯ পর্যন্ত। |
| ০৪ | প্রাপ্ত সকল আবেদনের কোটাভিত্তিক পূর্ণাঙ্গ তালিকা (Merit A-Z) প্রকাশ | ২৭-১১-২০১৯ হতে। |
| ০৫ | ছাত্র-ছাত্রী ভর্তি প্রক্রিয়া শুরু | ০১-১২-২০১৯ হতে। |
| ০৬ | ছাত্র-ছাত্রী ভর্তি প্রক্রিয়ার শেষ তারিখ | ১৫-১২-২০১৯ পর্যন্ত। |
| ০৭ | খালী আসন পুরনের জন্য অপেক্ষমান তালিকা অনুসরন করে ভর্তি প্রক্রিয়ার শেষ তারিখ | ৩০-১২-২০১৯ পর্যন্ত। |
| ০৮ | ক্লাশ শুরু | জানুয়ারী ১০, ২০২০। |

- **বিদেশী ছাত্র-ছাত্রীদের ভর্তি**

| বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজে ভর্তির সময়াবদ্ধ কর্মপরিকল্পনা | | | |
|---|---|---|---|
| ক্রমিক | কার্যক্রম | পূর্ব নির্ধারিত সময়সীমা | বর্ধিতব্য সময়সীমা |
| ০১। | বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসসূহ বেসরকারী মেডকেল/ডেন্টাল কলেজে ভর্তির জন্য শিক্ষার্থীদের আবেদন সংশ্লিষ্ট দেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মাধ্যমে গ্রহণপূর্বক যাচাইয়ান্তে বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করবে। | ২০/১১/২০১৯ | ০৩/১২/২০১৯ |
| ০২। | পররাষ্ট্র মন্ত্রণালয় বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজে ভর্তির জন্য বিদেশী শিক্ষার্থীদের আবেদন স্বাস্থ্য অধিদপ্তরে প্রেরণ করবে এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়কে অবহিত রাখবে। | ৩০/১১/২০১৯ | ১৫/১২/২০১৯ |
| ০৩। | স্বাস্থ্য অধিদপ্তর প্রাপ্ত আবেদনসমূহের 'মার্কস সমতাকরণ (Marks Equalization) সম্পন্ন করে 'মার্কস সমতাকরণ' সনদের মূলকপি এবং মেডিকেল কলেজওয়ারী শিক্ষার্থীদের তালিকাসহ পররাষ্ট্র মন্ত্রলালয়ে প্রেরণ করবে। পররাষ্ট্র মন্ত্রণালয় তা স্ব-স্ব দেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাস হতে 'মার্কস সমতাকরণ' সনদের মূলকপি সংগ্রহ করবে। এছাড়া 'মার্কস সমতাকরণ' সনদের সত্যায়িত ফটোকপি ও মেডিকেল কলেজওয়ারী শিক্ষার্থীদের তালিকার কপি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে এবং মনোনীত মেডিকেল/ডেন্টাল কলেজে প্রেরণ করবে। | ২২/১২/২০১৯ | ২৪/১২/২০১৯ |
| ০৪। | বেসরকারি মেডিকেল/ডেন্টাল কলেজে বিদেশী শিক্ষার্থীদের ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করবে। | ১৫/০১/২০২০ | ৩১/০১/২০২০ |

- *বিদেশী ছাত্র-ছাত্রী ভর্তির শুরুর তারিখ প্রতি বছরের মার্চ মাস থেকে করার বিষয়ে স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধির দৃষ্টি আকর্ষণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ করার জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়।*

**৩। কলেজের একাডেমিক বিষয়াদি পর্যালোচনা সম্পর্কিত।**

- ২০১৯ সালের জানুয়ারী ও মে মাসে অনুষ্ঠিত বৃত্তিমূলক পরীক্ষার ফলাফল ঃ

রাজশাহী মেডিকেল বিশ্ববিদ্যালয়ের অধীনে মে/২০১৯ সালের ১ম বৃত্তিমূলক এমবিবিএস পরীক্ষা (নিয়মিত)

| মোট পরীক্ষার্থী | পাশ | ফেল | পাশের হার |
|---|---|---|---|
| ৭৭ জন | ৫৯ জন | ১৮ জন | ৭৬.৬% |

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধীনে মে/২০১৯ সালের ১ম বৃত্তিমূলক এমবিবিএস পরীক্ষা (নিয়মিত)

| মোট পরীক্ষার্থী | পাশ | ফেল | পাশের হার |
|---|---|---|---|
| ১৮ জন | ১১ জন | ০৭ জন | ৬১.১% |

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধীনে মে/২০১৯ সালের ২য় বৃত্তিমূলক এমবিবিএস পরীক্ষা (নিয়মিত)

| মোট পরীক্ষার্থী | পাশ | ফেল | পাশের হার |
|---|---|---|---|
| ৯৬ জন | ৮০ জন | ১৬ জন | ৮৩.৩৩% |

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধীনে মে/২০১৯ সালের ৩য় বৃত্তিমূলক এমবিবিএস পরীক্ষা (নিয়মিত)

| মোট পরীক্ষার্থী | পাশ | ফেল | পাশের হার |
|---|---|---|---|
| ৭৮ জন | ৫৮ জন | ২০ জন | ৭৪.৪% |

জানুয়ারী/২০১৯ সালের শেষ বৃত্তিমূলক এমবিবিএস পরীক্ষা (সাপলিমেন্টারী)

| মোট পরীক্ষার্থী | পাশ | ফেল | পাশের হার |
|---|---|---|---|
| ১৫ জন | ১২ জন | ০৩ জন | ৮০% |

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধীনে মে/২০১৯ সালের শেষ বৃত্তিমূলক এমবিবিএস পরীক্ষা (সাপলিমেন্টারী)

| মোট পরীক্ষার্থী | পাশ | ফেল | পাশের হার |
|---|---|---|---|
| ৩১ জন | ২০ জন | ১১ জন | ৬৪.৫% |

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধীনে জুলাই/২০১৯ সালের শেষ বৃত্তিমূলক এমবিবিএস পরীক্ষা (সাপলিমেন্টারী)

| মোট পরীক্ষার্থী | পাশ | ফেল | পাশের হার |
|---|---|---|---|
| ১০ জন | ৩ জন | ৭ জন | ৩০% |

- *২০১৯ সালের নভেম্বর মাসের বৃত্তিমূলক পরীক্ষা গত ০৬/১১/২০১৯ ইং তারিখ হতে শুরু হয়েছে।* উক্ত পরীক্ষায় অংশগ্রহনকারী ছাত্র-ছাত্রীদের সংখ্যা -

| বৃত্তিমূলক পরীক্ষা | পরীক্ষার্থী সংখ্যা | | |
|---|---|---|---|
| | অকৃতকার্য | নতুন | মোট |
| ১ম বৃত্তিমূলক (সাপলিমেন্টারী) [রামেবি এর অধীনে] | ১৮ জন | ১৩ জন | ৩১ জন |
| ১ম বৃত্তিমূলক (সাপলিমেন্টারী) [রাবি এর অধীনে] | ০৭ জন | ০৩ জন | ১০ জন |
| ২য় বৃত্তিমূলক (সাপলিমেন্টারী) [রাবি এর অধীনে] | ১৬ জন | ১৫ জন | ৩১ জন |
| ৩য় বৃত্তিমূলক (সাপলিমেন্টারী) [রাবি এর অধীনে] | ২০ জন | ২৫ জন | ৪৫ জন |
| শেষ বৃত্তিমূলক (নিয়মিত) [রাবি এর অধীনে] | ১১ জন | ৬০ জন | ৭১ জন |

**৪। কলেজের মেডিকেল এডুকেশন ইউনিট (MEU) এবং কোয়ালিটি এ্যাসুরেন্স স্কিম (QAS) সম্পর্কিত।**

- মেডিকেল এডুকেশন ইউনিট (MEU) এবং কোয়ালিটি এ্যাসুরেন্স স্কিম (QAS) এর নিয়মানুসারে সকল কার্যক্রম নিয়মিত সিডিউল অনুযায়ী পরিচালিত হচ্ছে।
- সেন্টার ফর মেডিকেল এডুকেশন (সিএমই) এর উদ্যোগে আয়োজিত স্বাস্থ্য পেশাজীবী শিক্ষায় নিয়োজিত শিক্ষকবৃন্দের শিখন-প্রশিক্ষন ও মূল্যায়ন পদ্ধতির "Teaching methodology and assesment for the teachers of

health professionals education institutes" এর উপর প্রশিক্ষণ কর্মসূচীতে গাজী মেডিকেল কলেজ, খুলনা এর শিক্ষক প্রতিনিধিগণ নিয়মিত অংশগ্রহন করছেন।

- Skill Laboratory চালু করার জন্য প্রয়োজনীয় অবকাঠামো, আসবাবপত্র এবং সরঞ্জামাদী ক্রয় সম্পন্ন হয়েছে যা উদ্বোধনের অপেক্ষায় রয়েছে।
- Peer Medical College প্রসঙ্গে খুলনা মেডিকেল কলেজের অধ্যক্ষ মহোদয়ের দৃষ্টি আকর্ষণপূর্বক সকল ধরনের সহযোগীতার জন্য সভায় অনুরোধ করা হলে তিনি তার আশ্বাস প্রদান করেন।

৫। **বিবিধ।**

- যেহেতু অধ্যক্ষ মহোদয়ের অবসরের এবং উপাধ্যক্ষ অধ্যক্ষের দায়িত্বভার গ্রহণ করায় একজন সদস্যপদ শূণ্য হওয়ায় অধ্যাপক ডাঃ এম এ হাসান শিক্ষক প্রতিনিধি হিসাবে গভর্নিং বডির সদস্য মনোনিত হয়েছেন।
- বিগত ২৯/০৭/২০১৯ ইং তারিখের গভর্নিং বডির সভার পরে চক্ষু বিভাগে ০১ জন সহযোগী অধ্যাপক, মেডিসিন বিভাগে ০১ জন সহকারী অধ্যাপক, সার্জারী বিভাগে ০১ জন সহকারী অধ্যাপক এবং অবসঃ এন্ড গাইনী বিভাগে ০১ জন সহকারী অধ্যাপক অর্থাৎ মোট ০৪ জন শিক্ষক-শিক্ষিকাকে নিয়োগ প্রদান করে করা হয়েছে।
- সাবজেক্ট কো-অর্ডিনেশন সভা হয়েছে-০৩ টি প্রতি সাবজেক্টে, ফেজ কো-অর্ডিনেশন সভা হয়েছে-০২ (দুই) টি, একাডেমিক কো-অর্ডিনেশন সভা হয়েছে-০১ (এক) টি, একাডেমিক কাউন্সিলের সভা হয়েছে-০১ (এক) টি, লেকচার সেশন অন ফ্যাকাল্টি ডেভেলপমেন্ট প্রোগ্রাম হয়েছে-০১ (চার) টি। প্রতি সপ্তাহের বৃহস্পতিবারে Weekly Seminer অনুষ্ঠিত হয় এবং নিয়মিত Integreted Teaching চলছে
- ০২ (দুই) টি Scentific Seminer বড় পরিসরে আয়োজন করা হয়েছে। এছাড়াও SOSB ও Breast Cancer *এর উপর আরো দুটি সেমিনার আয়োজন করা হবে।*

**একট্রা কারিকুলার এ্যাক্টিভিটিঃ**

- আন্তঃমেডিকেল কলেজ জাতীয় বিতর্ক প্রতিযোগিতায় চ্যাম্পিয়ান হওয়ার গৌরব অর্জন করে
- জাতীয় শোক দিবসে স্বাস্থ্য মন্ত্রনালয়ের নির্দেশনা মোতাবেক ফ্রি মেডিকেল ক্যাম্প, ব্লাড ডোনেশন আয়োজন করা হয়
- মুজিব বর্ষ উদযাপনের জন্য গাজী মেডিকেল কলেজ বছরব্যাপি প্রোগ্রাম আয়োজন করেছে
- গাজী মেডিকেল কলেজের জার্নাল "মেডিস্কোপ" নিয়মিত প্রকাশ হচ্ছে যার জুলাই সংখ্যা এখন বাংলাজল এ আছে এবং মুদ্রণের জন্য কপি প্রেসে আছে
- পরিশেষে, সভাপতি মহোদয় অদ্যকার সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

ডাঃ বঙ্গ কমল বসু
সদস্য সচিব, গভর্নিং বডি এবং
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), গাজী মেডিকেল কলেজ

সকল সম্মানিত সদস্যবৃন্দের অবগতির জন্য রেজুলেশনের অনুলিপি প্রদান করা হলো।

ডাঃ বঙ্গ কমল বসু
সদস্য সচিব, গভর্নিং বডি এবং
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত), গাজী মেডিকেল কলেজ

গভর্নিং বডির সম্মানিত সদস্যবৃন্দের নাম ও পদবী  নিম্নরুপ ঃ

| ক্র.নং | নাম | পদবী |
|---|---|---|
| ১ | জনাব ডাঃ গাজী  মিজানুর রহমান | সভাপতি |
| ২ | জনাব ডাঃ বঙ্গ কমল বসু | সদস্য সচিব |
| ৩ | জনাব অধ্যাপক ডাঃ মোঃ আব্দুল আহাদ | বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি |
| ৪ | জনাব মোঃ মোজাম্মেল হক ভুঁইয়া, সহকারি পরিচালক | স্বাস্থ্য অধিদপ্তরের প্রতিনিধি |
| ৫ | জনাব অধ্যাপক ডাঃ মোঃ আবুল হাসান | শিক্ষক প্রতিনিধি |
| ৬ | জনাব ডাঃ রমেন্দ্র নাথ বিশ্বাস | শিক্ষক প্রতিনিধি |
| ৭ | জনাব মিসেস তানিয়া রহমান | দাতা ও প্রতিষ্ঠাতা সদস্য |
| ৮ | জনাব জাকিয়া সুলতানা | অভিভাবক প্রতিনিধি |
| ৯ | জনাব মোঃ কামরুল হাসান | অভিভাবক প্রতিনিধি |
| ১০ | জনাব অধ্যাপক ডাঃ ইয়াছিন আলী গাজী | বিদ্যোৎসাহী প্রতিনিধি |
| ১১ | জনাব ডাঃ কাজী মুজাহিদুল ইসলাম | বিদ্যোৎসাহী প্রতিনিধি |